দৈনিক ইনকিলাব

তারিখ MAY 9 1999
পৃষ্ঠা ৪২ কলাম ৭

223

### সাংবাদিক সম্মেলনে নেতৃবৃন্দের বক্তব্য

# দাবী না মানলে প্রাথমিক শিক্ষার কর্মকর্তাগণ ১ জুলাই থেকে শিক্ষা ব্যবস্থাপনা অচল করে দেবে

**স্টাফ রিপোর্টার ঃ** বাংলাদেশ প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ঐক্যপরিষদ তাদের ১২ দফা দাবী আদায়ের লক্ষ্যে আন্দোলনের কর্মসূচী ঘোষণা করেছে। এই কর্মসূচীর অংশ হিসেবে দাবী না মানলে আগামী ১ জুলাই থেকে অনির্দিষ্টকালের জন্য প্রাথমিক শিক্ষা ব্যবস্থাপনাকে অচল করে দেয়া হবে। গতকাল (শনিবার) জাতীয় প্রেস ক্লাবে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে এই তথ্য প্রকাশ করা হয়। সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন সমিতির সভাপতি মোঃ সাখাওয়াত হোসেন। অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন সুলতান মিয়া, গাজী নূরুজ্জামান, নাসির উদ্দিন আহমেদ, ময়েজ উদ্দিন ও গিয়াস উদ্দিন আহমেদ।

সাংবাদিক সম্মেলনে নেতৃবৃন্দ বলেন, কর্তৃপক্ষ ঐক্যপরিষদের ন্যায়সংগত ১২ দফা দাবী বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ না করে কর্মকর্তাদের বিরুদ্ধে নিপীড়নমূলক দমননীতির আশ্রয় নিয়েছে। ১২ দফা দাবীকে বানচাল করার জন্য কর্তৃপক্ষ প্রচলিত নিয়োগবিধি উপেক্ষা করে প্রায় ৫০ জন সিনিয়র সহকারী থানা শিক্ষা অফিসারদের ডিঙ্গিয়ে ২ জন জুনিয়র সহকারী থানা শিক্ষা অফিসারকে পদোন্নতি দিয়েছে। নেতৃবৃন্দ বলেন, সকল প্রচেষ্টা সত্ত্বেও মানসম্মত প্রাথমিক শিক্ষার অগ্রগতি আশানুরূপ হচ্ছে না। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ভ্রান্ত পরিচালনা নীতির দরুন শিক্ষা ব্যবস্থায় অচলাবস্থা দেখা দিচ্ছে। সাংবাদিক সম্মেলনে নেতৃবৃন্দ বলেন, প্রাথমিক শিক্ষা প্রশাসন আজ দু'ভাগে বিভক্ত হয়ে পড়েছে। একদিকে অধিদপ্তরসহ মাঠপর্যায়ের স্থায়ী কর্মকর্তাবৃন্দ অপরদিকে প্রেষণে নিয়োজিত কলেজ শিক্ষকগণ। এতে শিক্ষা ব্যবস্থাপনা ভেঙ্গে পড়ার উপক্রম হয়েছে।

এক প্রশ্নের জবাবে বলা হয়, দেশ ও জাতির বৃহত্তর স্বার্থে প্রাথমিক শিক্ষায় একটি সুষ্ঠু ব্যবস্থাপনা প্রবর্তন করতে হবে। তারা অবিলম্বে দাবী মেনে নেয়ার আহবান জানান।